

বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন বিভাগ
বীর উত্তম এ কে খন্দকার সড়ক
৮৩-৮৮ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।

স্মারক নং-০০.০৩২.০১৮.২০.০১.০২৮.২০১০/৪৭৬০

২৬ শ্রাবণ ১৪২৪


তারিখ:-----

১০ আগস্ট ২০১৭

বিজ্ঞপ্তি

বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪২তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ পর্যটন করপোরেশনের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণ আগামী ১৫ আগস্ট ২০১৭ তারিখ ধানমন্ডিছ ৩২নং সড়কে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করবেন। এ উপলক্ষে বাপক-এর সকল কর্মকর্তা/কর্মচারীগণকে সকাল ৮:৩০ মিনিটে রাসেল স্কোয়ারে (সোবহানবাগ মসজিদের সন্নিহিত) উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

এছাড়া ১৫ আগস্ট ২০১৭ তারিখ বিকাল ৫:০০ ঘটিকায় হোটেল অবকাশের ব্যাংকুয়েট হলে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আলোচনা সভা/মিলাদ মাহফিল ও “বঙ্গবন্ধুর বাংলাদেশ” বিষয়ক মুক্ত বক্তৃতা প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণের আয়োজন করা হয়েছে। বাপক-এর চেয়ারম্যান সভাপতিত্বে অনুষ্ঠেয় এ অনুষ্ঠানে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী প্রধান অতিথি এবং মন্ত্রণালয়ের সচিব মহোদয় বিশেষ অতিথির আসন অলংকৃত করবেন। উক্ত অনুষ্ঠানে যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকল-কে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, আলোচনা সভায় প্রধান কার্যালয় এবং ঢাকা ও সন্নিহিত এলাকায় কর্মরত বাপক-এর সকল স্তরের [ছাড়যোগ্য] কর্মকর্তা/কর্মচারীবৃন্দের উপস্থিতি একান্ত অপরিহার্য।


(এস. এম. হুমায়ুন কবির সরকার)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি :

- ১। মহাব্যবস্থাপক/অধ্যক্ষ, -----, বাপক, ঢাকা।
- ২। ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপক, -----(ঢাকাস্থ সকল ইউনিট/বিভাগ/শাখা)।
- ৩। ব্যবস্থাপক (শুকুমুক্ত বিপণীসমূহ), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ডিএফও, বাপক, ঢাকা।
- ৪। আবাসিক ব্যবস্থাপক, হোটেল অবকাশ, বাপক, ঢাকা।
- ৫। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপক, ঢাকা- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (অর্থ ও প্রশাসন/বাণিজ্যিক/পরিকল্পনা), বাপক, ঢাকা-পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৭। নির্বাহী কর্মকর্তা, সাধারণ সেবা, বাপক, ঢাকা --অনুষ্ঠানে কর্মকর্তা/কর্মচারীগণের অংশগ্রহণের নিমিত্ত প্রয়োজনীয় যানবাহনের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

অনুষ্ঠানে অধীনস্থ কর্মকর্তা/
কর্মচারীদের অংশগ্রহণ
নিশ্চিত করার অনুরোধসহ।